



এইচএসসি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণ
বিজ্ঞপ্তি

তাং ১১/০৮/২০২১ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের এইচএসসি পরীক্ষার নিয়মিত/অনিয়মিত/জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ নিম্নবর্ণিত প্রক্রিয়া ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে। পরীক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে ও যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে এবং স্বাস্থ্যবিধি মেনে ফরম পূরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

ফরম পূরণের সময়সূচি :

শিক্ষার্থীদের আগামী ১৭/০৮/২০২১ থেকে ২১/০৮/২০২১ তারিখের মধ্যে নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণ করে ফরম পূরণের নির্দেশ প্রদান করা হলো।

ফরম পূরণ, প্রয়োজনীয় ফি প্রদান করার নিয়মাবলি নিম্নে প্রদান করা হলো :

- ১। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।
- (খ) নিয়মিত, অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, শুধু আবশ্যিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী অর্থাৎ সকল ধরনের পরীক্ষার্থীকে অবশ্যই ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ ব্যতীত পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।
- (গ) পরীক্ষার্থী বা তার অভিভাবক এ বছর সোনালী ব্যাংকের মোবাইল অ্যাপ সোনালী ই-সেবা (Sonali eSheba) এর মাধ্যমে ঘরে বসেই বোর্ড ফি, কেন্দ্র ফি এবং প্রতিষ্ঠানের পাওনা পরিশোধ করবে এবং পরীক্ষার ফি পরিশোধের মাধ্যম হিসেবে Nagad, bKash, Rocket, Upay, Sonali eWallet ইত্যাদি ব্যবহার করা যাবে। ফি পরিশোধ করার বিস্তারিত বিবরণ ও নির্দেশিকা নিচে দেয়া হলো।

পরীক্ষার্থীর করণীয় :

SMS এর মাধ্যমে পরীক্ষার্থীর নাম, এইচএসসির রেজিস্ট্রেশন নম্বর, এসএসসি (SSC) রোল, বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদা আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতিও দেখতে পাবে।

পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি :


- ক) পরীক্ষার্থী, SMS এ প্রাপ্ত LINK ব্যবহার করে অথবা সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা (Sonali eSheba) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। এছাড়া শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের Student Panel থেকেও সোনালী সেবা পেমেট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করা যাবে।
- খ) এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) এর সার্ভিস চার্জও (শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে দিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্ট/ওয়ারলেট বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যাল্যান্স থাকতে হবে।
- গ) পেমেট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে। প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।


রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত : ২০১৬-২০১৭ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৫-২০১৬ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (প্রয়োজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ফরম পূরণ ফি এর বিবরণ

ক্রম.	পরীক্ষার্থীর ধরন	বোর্ড ফি	কলেজে জমা হবে				মোট কলেজ ফি	সর্বমোট
			কেন্দ্র ফি (তত্ত্বীয়)	কেন্দ্র ফি (ব্যব.)	পরিবহন ফি	ব্যবস্থাপনা ফি		
১	বিজ্ঞান (ডিটেইভ/জিপিএ উন্নয়ন)	৯০০	৩০০	৬০	৪০	৫০	৪৫০	১৩৫০
২	বিজ্ঞান (নিয়মিত/ডিটেইভ)	৮০০	৩০০	৬০	৪০	৫০	৪৫০	১২৫০
৩	মানবিক/ব্যব. শিক্ষা (ডিটেইভ/জিপিএ উন্নয়ন)	৮৭০	৩০০	০০	৪০	৫০	৩৯০	১২৬০
৪	মানবিক/ব্যব. শিক্ষা (নিয়মিত/ডিটেইভ)	৭৭০	৩০০	০০	৪০	৫০	৩৯০	১১৬০
৫	প্রাইভেট (ডিটেইভ/জিপিএ উন্নয়ন)	৮৭০	৩০০	০০	৪০	৫০	৩৯০	১২৬০
৬	প্রাইভেট (নিয়মিত/ডিটেইভ)	৭৭০	৩০০	০০	৪০	৫০	৩৯০	১১৬০
৭	২ বিষয় ব্যবহারিকসহ (৪ পত্র) (৪পত্র ব্যবহারিক)	৫৯০	৩০০	৪০	৪০	৫০	৪৩০	১০২০
৮	২ বিষয় (২ পত্র ব্যবহারিক সহ) (৪ পত্র)	৫৭০	৩০০	০০	৪০	৫০	৩৯০	৯৬০
৯	১ বিষয় ব্যবহারিকসহ (২ পত্র) (২পত্র ব্যবহারিক)	৩৮০	৩০০	২০	৪০	৫০	৪১০	৭৯০
১০	১ বিষয় ব্যবহারিক ছাড়া (২ পত্র)	৩৭০	৩০০	০০	৪০	৫০	৩৯০	৭৬০
১১	আবশ্যিক বিষয়ের অকৃতকার্য আংশিক পরীক্ষার্থী	১৭০	০০	০০	৪০	৫০	৯০	২৬০

যোগাযোগ : মোঃ মেরাজ হোসেন- ০১৭১৯০৪২৯৯৫ এবং মোঃ রবিউল হাসান- ০১৭২৫২৩৪১৯২।

প্রতিষ্ঠান

 (প্রফেসর আবুল খায়ের মোঃ আবুল মজিদ)
 অধ্যক্ষ
 ঠাকুরগাঁও সরকারি কলেজ
 ঠাকুরগাঁও।


 (মোঃ জাহাঙ্গীর আলম)
 আহবায়ক
 উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ও ফরম পূরণ কমিটি-২০২১
 ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।